7. Prices have increased by_____ 300 percent.
A. as much as B. as many as C. as few as
D. so many as E. so much

ব্যাখ্যা : As much as ব্যবহৃত হয় uncountable noun এর পূর্বে এবং as many as countable noun এর পূর্বে। অর্থাৎ
As much as + Uncountable noun
As many as + countable noun
300 percent uncountable noun তাই এর পূর্বে as much as হবে।

Ans : A.

8. I remembered____ the prize.
A. the boy's winning B. the boy to win
C. the boy winning D. the boy's to win
E. boy won

ব্যাখ্যা : এখানে নির্দিষ্ট অর্থ বুঝাতে the বসছে। কারণ Article হিসেবে পূর্ব থেকে পরিচিত বুঝাতে the বসে এবং অপরিচিত কিছুকে বুঝাতে A/An বসে। অন্যদিকে boy's এটি হল possessive যা Adj. এর মত কাজ করছে।
Possessive Adj. + Noun

Ans : A.

9. Many a student_____ to qualify the driving test on the first try.
A. fail B. fails C. pass D. passes E. want

ব্যাখ্যা : • A many/A number of + plural noun + plural verb
• The number of + plural noun + singular verb
• Many A + singular noun + singular verb
প্রথমবার ড্রাইভিং তেমন কেউ উত্তীর্ণ হয় না বুঝাতে বাক্যটি Negative.

Ans : B.

10. Biopsy is the examination of cells_____ a living body to find out about any disease it might have.
A. taken from B. taken out C. taking from
D. took from E. taken into

ব্যাখ্যা : এখানে Passive অর্থে Taken হবে।

Ans : A.

11. Our biological clock is our body's natural habit____ at particular times.
A. to sleeping, eating and growing
B. to have slept, eaten and grown
C. of sleeping, eating and growing
D. of sleeping, eating and to grow
E. with a view to sleep, eat and grow

ব্যাখ্যা : Parallel structure এর নিয়মানুযায়ী C সঠিক উত্তর।
Structure : And; or; than; similar to; as well as ইত্যাদি sentence এ ব্যবহৃত হলে এদের পূর্বে এবং পরে একই Grammatical structure হবে।

Ans : C.

12. 'Maiden speech' refers to______.
A. last speech B. late speech C. first speech
D. early speech E. concluding speech

ব্যাখ্যা : Maiden speech - First speech

Ans : C.

13. Three-fourths of the assignment_____.
A. have been finished B. has been finished
C. has been finish D. have been finish
E: has finished

ব্যাখ্যা : লব 1 হলে-

$$\left\{\frac{1}{3}, \frac{1}{5}, \frac{1}{6}\right\} + \left\{\begin{array}{l}\text{Countable plural/}\\ \text{Uncountable}\\ \text{Singular noun}\end{array}\right\} + \left\{\begin{array}{l}\text{Sing.}\\ \text{Verb}\end{array}\right\} + \left\{\begin{array}{l}\text{Possessive}\\ \text{Sing.}\end{array}\right\}$$

লব 2 বা 2 এর বেশি হলে -

$$\left\{\frac{2}{3}, \frac{3}{5}, \frac{3}{4}, \frac{4}{6}\right\} + \left\{\begin{array}{l}\text{Uncountable}\\ \text{noun}\end{array}\right\} + \left\{\begin{array}{l}\text{Sing.}\\ \text{Verb}\end{array}\right\}$$

Ans : B.

14. Now the internet ____ all over the world.
A. is being used B. is not used C. has used
D. is being use E. was being used

ব্যাখ্যা : Now/at the moment থাকলে present continuous tense হয় এবং এদেরকে passive করতে হলে is being আনতে হয়।
Ans : A.

15. The word 'ecological' is related to ____.
A. Demography B. Pollution C. Environment
D. Atmosphere E. Economy

ব্যাখ্যা : Ecological is related to → Environment
Ans : C.

উদ্ভিদবিজ্ঞান

১. কোন্ গ্রুপের উদ্ভিদ উভচর প্রকৃতির?
A. শৈবাল B. ব্রায়োফাইটা C. টেরিডোফাইটা
D. জিমনোস্পার্ম E. অ্যানজিওস্পার্ম

ব্যাখ্যা : ব্রায়োফাইটা উদ্ভিদের বৈশিষ্ট্য-
- নিষেক ক্রিয়া সম্পন্ন করতে পানির প্রয়োজন হয়, তাই ব্রায়োফাইটাকে উভচর উদ্ভিদ বলা হয়।
- দেহ গ্যামিটোফাইট তথা হ্যাপ্লয়েড
- দেহ মূল, কান্ড ও পাতায় বিভক্ত করা যায় না।
- দেহে কোন ভাস্কুলার টিস্যু নাই। প্যারেনকাইমা দিয়ে গঠিত।
- ভ্রুন বহুকোষী
- উৎপন্ন স্পোর একই আকার আকৃতির তথা হোমোস্পোরাস
- জীবনচক্রে গ্যামিটোফাইট প্রধান, স্পোরোফাইট গৌণ।

Ans : B.

২. ক্রোমোজোমে কোন্ প্রোটিন বিদ্যমান?
A. লিপোপ্রোটিন B. গ্লুটেলিন C. প্রোলামিন
D. হিস্টোন E. অ্যালবুমিন

ব্যাখ্যা : ক্রোমোসোমের রাসায়নিক গঠন-
- DNA, RNA
- হিস্টোন ও নন-হিস্টোন প্রোটিন
- ক্যালসিয়াম, ম্যাগনেসিয়াম

Ans : D.

৩. ব্রায়োফাইটার স্পোর হলো........... ।
A. হ্যাপ্লয়েড B. ডিপ্লয়েড C. ট্রিপ্লয়েড
D. টেট্রাপ্লয়েড E. পেন্টাপ্লয়েড

ব্যাখ্যা : ব্রায়োফাইটার নিয়ে কিছু কথা-
- দেহ থ্যালয়েড, কান্ড ও পাতায় বিভক্ত
- এদের পরিবহন তন্ত্র নেই
- স্পোর হল হ্যাপ্লয়েড
- এককোষী রাইজয়েড আছে
- জননাঙ্গ বহুকোষী

Ans : A.

৪. কোষ বিভাজনের কোন্ পর্যায়ে ক্রসিং ওভার ঘটে?
A. লেপ্টোটিন B. জাইগোটিন C. প্যাকাইটিন
D. ডিপ্লোটিন E. ডায়াকাইনেসিস

ব্যাখ্যা :

লেপ্টোটিন ⇒	i) জল বিয়োজন ii) অণুবীক্ষণে দৃষ্টিগোচরক্ষম ক্রোমোজোম
জাইগোটিন ⇒	i) বাইভ্যালেন্ট সৃষ্টি ii) হোমোলোগাস ক্রোমোসোমের মধ্যে 'সিনপসিস'
প্যাকাইটিন ⇒	i) সেন্ট্রোমিয়ার ব্যতিত ক্রোমোসোমের বিভক্তি ii) টেট্রাড সৃষ্টি iii) নন-সিস্টার ক্রোমোটিডে "কায়াজমা" সৃষ্টি iv) 'ক্রসিং ওভার' ঘটে।
ডিপ্লোটিন ⇒	i) কায়াজমার মধ্যবর্তী অংশে 'লুপ' সৃষ্টি হয়। ii) প্রান্তীয়করণ হয়।
ডায়াকাইনেসিস ⇒	i) ক্রোমোসোমের উপর ধাত্র জমে ii) নিউক্লিওলাস অদৃশ্য হয়। iii) নিউক্লিয়ার এনভেলপ এর অবলুপ্তি ঘটে। iv) প্রাণীকোষের ক্ষেত্রে সেন্ট্রিওল মেরুতে পৌছে।

Ans : C.

৫. ল্যাকটোজ হলো এক প্রকার............. ।
A. প্রোটিন B. ফ্যাট C. অ্যালকালয়েড
D. ভিটামিন E. কার্বোহাইড্রেট

ব্যাখ্যা : কার্বোহাইড্রেট তিন প্রকার-

মনোস্যাকারাইড	গ্লিসার‍্যাল্ডিহাইড, ডাই হাইড্রোক্সি অ্যাসিটোন, ইরিথ্রোজ, জাইলোজ, অ্যারাবাইনোজ, রাইবোজ, ডি-অক্সি রাইবোজ, গ্লুকোজ, ফ্রুক্টোজ, ম্যানোজ, গ্যালাকটোজ
ডাইস্যাকারাইড	সুকরোজ, সেলোবায়োজ, ম্যালটোজ, ল্যাকটোজ
পলিস্যাকারাইড	স্টার্চ, সেলুলোজ, গ্লাইকোজেন, ডেক্সট্রিন, ইনসুলিন।

Ans : E.

৬. পুষ্পক উদ্ভিদের বীজের শাঁস হলো......... ।
A. হ্যাপ্লয়েড B. ডিপ্লয়েড C. ট্রিপ্লয়েড
D. টেট্রাপ্লয়েড E. পেন্টাপ্লয়েড

ব্যাখ্যা : পুষ্পক উদ্ভিদ বা আবৃতবীজী উদ্ভিদের বৈশিষ্ট্য-
- গর্ভাশয় ও গর্ভাদন্ড আছে
- গর্ভাশয় ফলে পরিণত হয়
- আর্কিগোনিয়া অনুপস্থিত
- দ্বি-নিষেক হয়
- বীজের শাঁস বা এন্ডোস্পার্ম ট্রিপ্লয়েড
- জাইলেম সুগঠিত।

Ans : C.

৭. জেনেটিক ইঞ্জিনিয়ারিং-এ ভেক্টর হিসেবে কোনটি ব্যবহৃত হয়?
A. প্লাজমিড B. নেমাটোড C. রিক্সিয়া
D. পেনিসিলিয়াম E. অ্যাকটিনোমাইসেটিস

ব্যাখ্যা : প্লাসমিড:
- ক্রোমোসোম বহির্ভূত বৃত্তাকার DNA অণু
- E. Coli ব্যাকটেরিয়ায় Laderberg সর্বপ্রথম এর খোঁজ পান।
- সংখ্যা কোষ প্রতি ১ –১০০০
- তিন প্রকার। যথা :
  i) F এবং F' প্লাসমিড ii) R প্লাসমিড iii) কোল প্লাসমিড
- আণবিক ওজন $10^6 - 200 \times 10^6$ dalton.
- R. E. দ্বারা আদর্শ প্লাসমিডের নির্দিষ্ট স্থান কাটা হয়।

ব্যবহার : i) আণবিক বংশগতিবিদ্যার গবেষণায়
ii) জেনেটিক ইঞ্জিনিয়ারিং এ বাহক / ভেক্টর হিসেবে।

Ans : A.

৮. **Ex-situ কন্জারভেশনের উদাহরণ হলো.......... ।**
A. সাফারি পার্ক B. ইকোপার্ক C. বোটানিক গার্ডেন
D. ন্যাশনাল পার্ক E. গেম রিজার্ভ

ব্যাখ্যা : Ex-situ কন্জারভেশনের উদাহারণ- সীড ব্যাংক, পোলেন ব্যাংক, টিস্যু কালচার ব্যাংক, DNA - ব্যাংক, চিড়িয়াখানা, বোটানিক্যাল গার্ডেন।
Ans : C.

৯. **একবীজপত্রী উদ্ভিদ কান্ডের ভাস্কুলার বান্ডল হলো.......... ।**
A. অরীয় B. বদ্ধ সমপার্শ্বীয় C. মুক্ত সমপার্শ্বীয়
D. সমদ্বিপার্শ্বীয় E. কেন্দ্রিক

ব্যাখ্যা :



Ans : B.

১০. **কোষ প্রাচীরে কাইটিন আছে.......... ।**
A. শৈবাল-এ B. ফার্ন-এ C. ভাইরাস-এ D. মস-এ E. ছত্রাক-এ

ব্যাখ্যা : ছত্রাকের মুখ্য বৈশিষ্ট্য-
- এরা ক্লোরোফিলবিহীন, সালোকসংশ্লেষনে অক্ষম।
- এরা মৃতজীবী।
- কোষপ্রাচীর কাইটিন নির্মিত।
- সঞ্চিত খাদ্য গ্লাইকোজেন।
- পরিবহন তন্ত্র নেই।
- জননাঙ্গ এককোষী।
- স্পোর-হ্যাপ্লয়েড।
- জাইগোটে মিয়োসিস হয়।

Ans : E.

১১. **DNA-র গঠন আবিষ্কার করেন.......... ।**
A. ডারউইন B. ওয়াটসন ও ক্রিক C. বেনজার
D. ফ্লেমিং E. মেন্ডেল

ব্যাখ্যা : DNA সম্পর্কে যত কথা :
- পূর্ণ নাম: Deoxy ribonucleic acid
- ১৯৫৩ সালে ওয়াটসন ও ক্রীক DNA এর Double helix মডেল প্রদান করেন। এজন্য তারা ১৯৬৩ সালে উইলকিন্সসহ নোবেল পুরস্কার পান।
- এর একককে বলা হয় নিউক্লিওটাইড।
- দ্বিসূত্রক, লোহার সিঁড়ির মতো ডান দিকে প্যাচানো।
- এ সিঁড়ির ২ দিকের হাতল তৈরি হয় Deoxy ribose sugar (S) ও ফসফেট (P) এর পর্যায়ক্রমিক সংযুক্তির মাধ্যমে এবং ধাপগুলি ২টি নাইট্রোজেন বেস ($A = T$, $C \equiv G$) নিয়ে গঠিত।
- হ্যালিক্সের ব্যাস 20
- বেস জোড়গুলো পরস্পর থেকে 3.4 দূরত্বে অবস্থিত।
- DNA অনুলিপনের জন্য DNA পলিমারেজ enzyme এবং Mg^{2+} আয়নের উপস্থিতি প্রয়োজন।
- রিকম্বিনেন্ট DNA দ্বারা একই প্রজাতির উন্নতিকরণ ও হুবহু একই জীবের সৃষ্টি করা যায়।

Ans : B.

১২. **কোনটি ছত্রাক ঘটিত রোগ?**
A. রিং ওয়ার্ম B. টাইফয়েড C. কলেরা D. ডেঙ্গু E. ম্যালেরিয়া

ব্যাখ্যা : ছত্রাক ঘটিত রোগ-
- Ring Worm
- Fungal Meningitis
- Athlete's foot
- Jock itch
- Aspergillus infection

Ans : A.

১৩. **কোনটি C_4 উদ্ভিদ?**
A. ধান B. গম C. পাট D. স্ট্রবেরি E. ইক্ষু

ব্যাখ্যা : C_4 উদ্ভিদ হল- ভূট্টা, ইক্ষু, মুথা ঘাস।
Ans : E.

১৪. **নিচের কোন্‌টি প্রকৃত কোষ দ্বারা গঠিত?**
A. *Chlorella* B. *Nostoc* C. *E.coli*
D. *Prion* E. *Spirulina*

ব্যাখ্যা : শৈবাল (Chlorella), ছত্রাক, ব্রায়োফাইটা, টেরিডোফাইট্‌স, জিমনোস্পার্মস, অ্যানজিওস্পার্মস ইত্যাদি প্রকৃত কোষ দ্বারা গঠিত।
Ans : A.

১৫. **উদ্ভিদ কোষ প্রাচীরের প্রধান উপাদান কোনটি?**
A. লিগনিন B. হেমিসেলুলোজ C. সেলুলোজ
D. কাইটিন E. পেকটিন

ব্যাখ্যা :
- কোষ প্রাচীরের প্রধান উপাদান সেলুলোজ

অন্যান্য উপাদান হল পেকটিক এসিড, হেমিসেলুলোজ, গ্লাইকো প্রোটিন।
- Xyloglucan নামক হেমিসেলুলোজ প্রাচীর গঠনে ক্রসলিংক হিসেবে কাজ করে।

Ans : C.

১৬. **পেপটাইড বন্ডের প্রকৃতি হলো.......... ।**
A. Electrovalent B. Covalent C. Coordinate
D. Ionic E. Salt bridge

ব্যাখ্যা : পেপটাইড বন্ড : পেপটাইড বন্ড হল Covalent Chemical bond, যা ২ টি অ্যামাইনো এসিড মনোমার এবং একটি পেপটাইড বা প্রোটিন চেইনের সমন্বয়ে গঠিত।
Ans : B.

১৭. **কোন্‌টি কো-এনজাইম নয়?**
A. ATPase B. NADP C. NAD
D. FAD E. FMN

ব্যাখ্যা : কো-এনজাইমসমূহ:
- $FADH_2$ = Reduced Flavin Adenin Dinucleotide
- FAD = Flavin Adenin dinucleotide
- FMN = Flavin Mono nucleotide
- NAD = Nicotinamide Adenin Dinucleotide
- NADP = Nicotinamid Adenin Dinucleotide Phosphate
- Co.A = Co-A
- ATP = Adenosine triphosphate

Ans : A.

১৮. **নিচের কোন্‌টি ভাইরাস জনিত রোগ?**
A. আমাশয় B. কলেরা C. টাইফয়েড
D. হেপাটাইটিস-বি E. সিফিলিস

ব্যাখ্যা : ভাইরাসজনিত রোগসমূহ হল:
- মানুষের রোগ : বসন্ত, হাম, পোলিও, জলাতঙ্ক, ইনফ্লুয়েঞ্জা, হার্পিস, ডেঙ্গু, ভাইরাল হেপাটাইটিস, এইডস
- উদ্ভিদের রোগ: মোজাইক রোগ, লিফরোল, বুসিস্ট্যান্ড, ধানের টুংগ্রো।
- প্রাণীর রোগ: গরুর বসন্ত
  গরু, ভেড়া, মহিষ, ছাগলের "ফুট এন্ড মাউথ" রোগ
  কুকুর ও বিড়ালের জলাতঙ্ক।
- অন্যান্য: বার্ড ফ্লু, সোয়াইন ফ্লু।

Ans : D.

১৯. নীলাভ-সবুজ শৈবালের নীলাভ রঞ্জক কোনটি?
A. C-phycoerythrin B. C-phycocyanin
C. Chlorophyll-b D. Chlorophyll-a
E. Xanthophyll

ব্যাখ্যা :

রঞ্জক	দায়ী	রঞ্জক	দায়ী
নীলাভ রঞ্জক	C-phycocyanin	কমলা রঞ্জক	ক্যারোটিন
লাল রঞ্জক	ফাইকোইরেথ্রিন	হলুদ রঞ্জক	জ্যান্থোফিল
লাল ও নীলাভ একত্রে	ফাইকোবিলিন	সবুজ রঞ্জক	ক্লোরোফিল

Ans : B.

২০. কোন্‌টি **Urotiales** বর্গভুক্ত ছত্রাক?
A. *Penicillium* B. *Saccharomyces* C. *Saprolegnia*
D. *Agaricus* E. *Helminthosporium*

ব্যাখ্যা : **Penicillium** এর শ্রেণী বিন্যাস-
Kingdom : Fungi **Division** : Ascomycota
Class : Ascomycetes **Order (বর্গ)** : Urotiales
Family : Urotiaceae **Genus** : *Penicillium*
Ans : A.

২১. ভার্টিসিল্যাস্টার পুষ্পমঞ্জরী কোন্ পরিবারভুক্ত উদ্ভিদে দেখা যায়?
A. Moraceae B. Poaceae C. Fabaceae
D. Malvaceae E. Lamiaceae

ব্যাখ্যা : ভার্টিসিল্যাস্টার পুষ্পমঞ্জরী দেখা যায় Lamiaceae পরিবারভুক্ত উদ্ভিদে।
উদাহারণ : Ocimum, Coleus, Mentha, Leucas
Ans : E.

২২. শ্বসনের ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম কোষের কোথায় অবস্থিত?
A. মাইটোকন্ড্রিয়ার অন্তঃঝিল্লিতে B. মাইটোকন্ড্রিয়ার বহিঃঝিল্লিতে
C. সাইটোপ্লাজমে D. ক্লোরোপ্লাস্টে
E. আন্তঝিল্লির ফাঁকা স্থানে

ব্যাখ্যা :

চক্র	সংগঠিত স্থান
গ্লাইকোলাইসিস	সাইটোপ্লাজম
ক্রেবস চক্র	মাইটোকন্ড্রিয়া
ইলেকট্রন ট্রান্সপোর্ট সিস্টেম	মাইটোকন্ড্রিয়ার অন্তঃঝিল্লীতে
ক্যালভিন চক্র	ক্লোরোপ্লাস্টে
হ্যাচ-স্ল্যাক চক্র	মেসোফিল ও বান্ডলসীথ

Ans : A.

২৩. নিচের কোন্‌টি মেন্ডেলের মতবাদের ব্যতিক্রম নয়?
A. Linked gene
B. Epistasis
C. Codominance
D. Incomplete dominance
E. Non-linked gene

ব্যাখ্যা :

১ম সূত্রের ব্যতিক্রম	ফিনোটাইপিক অনুপাত
অসম্পূর্ণ প্রকটতা (incomplete dominance)	1 : 2 : 1
ঘাতক জিন (lethal gene)	1 : 2
২য় সূত্রের ব্যতিক্রম	**ফিনোটাইপিক অনুপাত**
পরিপূরক জীন (Complementary gene)	9 : 7
এপিস্ট্যাসিস (Epistasis)	12 : 3 : 1

Ans : E.

২৪. মিথোজীবিতার উদাহরণ হলো............ ।
A. অরোবানচি B. স্বর্ণলতা C. পরাশ্রয়ী উদ্ভিদ
D. লাইকেন E. নাইট্রিফাইং ব্যাকটেরিয়া

ব্যাখ্যা : লাইকেন মিথোজীবিতার প্রকৃষ্ট উদাহারণ।
Ans : D.

২৫. **UNESCO** কখন সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য বলে ঘোষণা করে?
A. ১৯৮৩ B. ১৯৮৭ C. ১৯৯৭ D. ২০০১ E. ২০০৫

ব্যাখ্যা : UNESCO ১৯৯৭ সালে সুন্দরবনকে বিশ্ব ঐতিহ্য বলে ঘোষণা করে।
Ans : C.

প্রাণিবিদ্যা

১. **Eucoelomate** নয় কারা?
A. Annelids B. Arthropods C. Echinoderms
D. Molluscs E. Nematodes

ব্যাখ্যা :

অ্যাসিলোমেট (Acoelomate)	Porifera, Cnidaria (জেলীফিশ), Ctenophora, Platyhelminthes (চ্যাপ্টা কৃমি, ফিতাকৃমি)
Pseudocoelomate (অপ্রকৃত সিলোমেট)	Nematoda (কেঁচোকৃমি- round worm), Rotifera, Kinorhyncha
Eucoelomate (প্রকৃত সিলোমেট)	Mollusca, Annelida, Arthropoda, Echinodermata, Hemichordata, Chordata

Ans : E.

২. শ্রেণীকরণে **(Classification)** ব্যবহৃত বিভিন্ন ক্যাটাগরির **(Ranks/Categories)** ক্ষেত্রে নিম্নের কোন্ বিন্যাসটি সঠিক?
A. পর্ব → বর্গ → গোত্র → শ্রেণী → গণ → প্রজাতি
B. পর্ব → শ্রেণী → গণ → বর্গ → গোত্র → প্রজাতি
C. প্রজাতি → গণ → গোত্র → বর্গ → পর্ব → শ্রেণী
D. পর্ব → শ্রেণী → বর্গ → গোত্র → গণ → প্রজাতি
E. পর্ব → প্রজাতি → গণ → গোত্র → বর্গ → শ্রেণী

ব্যাখ্যা : শ্রেণীবিন্যাস এর প্রধান ধাপ ৭টি-
Kingdom (জগত) → Phylum (পর্ব) → Class (শ্রেণী) → Order (বর্গ) → Family (গোত্র) → Genus (গণ) → Species (প্রজাতি)
Ans : D.

৩. হেটোরোসার্কাল **(Heterocercal)** ধরণের পুচ্ছ পাখনা **(Caudal fin)** পাওয়া যায়......... ।
A. Actinopterygii- তে B. Chondrichthyes-তে
C. Myxini- তে D. Sarcopterygii- তে
E. Cephalaspidomorphi-তে

ব্যাখ্যা : **Chondrichthyes** শ্রেণীর বৈশিষ্ট্য-
- অন্তঃকঙ্কাল তরুনাস্থিময়
- দেহে অসংখ্য ক্ষুদ্র প্ল্যাকয়েড আঁইশ থাকে
- মাথার ২ পাশে ৫-৭ জোড়া ফুলকারন্ধ্র থাকে
- লেজ হেটেরোসার্কাল অর্থাৎ পুচ্ছ পাখনার অংশদুটি অসমান

উদাহারণ : *Scoliodon Sorrakowah* (হাঙ্গর)
** লেজ হোমোসার্কাল : Osteichthyes - এ
Ans : B.

৪. নিচের কোনটি Amphibia- এর বৈশিষ্ট্য নয়?
A. ভ্রূণীয় অবস্থায় জলচর, কিন্তু পূর্ণাঙ্গ অবস্থায় জলচর বা স্থলচর
B. অগ্রপদে পাঁচটি ও পশ্চাৎপদে চারটি করে নখরবিহীন আঙ্গুল থাকে
C. হৃৎপিন্ড তিন প্রকোষ্ঠ বিশিষ্ট - দুটি অ্যাট্রিয়া (অলিন্দ) ও একটি ভেন্ট্রিকল (নিলয়)
D. এক্টোথার্মিক
E. ভেজা ত্বক শ্বসনে সাহায্য করে

ব্যাখ্যা : **Amphibia** এর বৈশিষ্ট্য-
- এক্টোথার্মিক
- ভেজাত্বক শ্বসনে সাহায্য করে
- অগ্রপদে চারটি ও পশ্চাৎপদে পাঁচটি নখরবিহীন আঙ্গুল থাকে
- হৃদপিন্ড তিন প্রকোষ্ট বিশিষ্ট - ২টি অ্যাট্রিয়া এবং একটি ভেন্ট্রিকল
- ভ্রূনীয় অবস্থায় জলচর
- লাভা দশায় ফুলকা ও পরিণত অবস্থায় ফুসফুস, ত্বক ও মিউকাস ঝিল্লীর মাধ্যমে শ্বসন ঘটে।

Ans : B.

৫. একটি পূর্ণাঙ্গ রুই মাছের দেহে মোট কত প্রকার পাখনা পাওয়া যায়?
A. ৩ প্রকার B. ৪ প্রকার C. ৫ প্রকার
D. ৬ প্রকার E. ৭ প্রকার

ব্যাখ্যা : পূর্ণাঙ্গ রুই মাছের দেহে মোট ৫ প্রকার পাখনা পাওয়া যায়-
i) পৃষ্ঠ পাখনা : ১৪-১৬ টি পাখনা রশ্মি থাকে
ii) বক্ষ পাখনা : ১৭-১৮ টি পাখনা রশ্মি থাকে
iii) শ্রোণী পাখনা : ৯টি পাখনা রশ্মি থাকে
iv) পায়ু পাখনা : ৬-৭ টি পাখনা রশ্মি থাকে
v) পুচ্ছ পাখনা : ১৯টি পাখনা রশ্মি থাকে

Ans : C.

৬. একজন সুস্থ ও প্রাপ্তবয়স্ক মানুষের স্বাভাবিক সিস্টোলিক চাপ কত?
A. ১১০-১২০ mm Hg B. ৭০-৮০ mm Hg
C. ১০০-১৪০ mm Hg D. ৯০-১১০ mm Hg
E. ৭০-১০০ mm Hg

ব্যাখ্যা : সুস্থ ও প্রাপ্তবয়স্ক মানুষের স্বাভাবিক-
- সিস্টোলিক চাপ : ১০০ - ১৪০ mm Hg
- ডায়াস্টোলিক চাপ : ৭০ - ৮০ mm Hg

Ans : C.

৭. নিম্নের কোনটি মানবদেহে প্রাকৃতিক পেসমেকার হিসেবে কাজ করে?
A. AVN (Atrio-Ventricular Node)
B. SAN (Sino-Atrial Node)
C. বান্ডল অব হিজ (Bundle of His')
D. মায়োকার্ডিয়াম (Myocardium)
E. এন্ডোকার্ডিয়াম (Endocardium)

ব্যাখ্যা : Sino - Atrial Node (SAN) হল মানবদেহের প্রাকৃতিক পেসমেকার।
- **Control of Cardiac Cycle :**

SAN → সৃষ্ট ইলেকট্রিকাল সিগনাল → AVN → বান্ডল অব হিজ → পার্কিনজি সূত্রক → নিলয় রক্তপূর্ণ হয় এবং সংকোচন ঘটে।

Ans : B.

৮. নিম্নের কোন্ বিন্যাসটি মানুষের শ্বসনপথের ক্ষেত্রে প্রযোজ্য?
A. ভেস্টিবিউল → স্বরযন্ত্র → শ্বাসনালী → ব্রংকাস → ফুসফুস ব্রংকাস
B. ভেস্টিবিউল → শ্বাসনালী → ব্রংকাস → স্বরযন্ত্র → ফুসফুস
C. ফুসফুস → ভেস্টিবিউল → শ্বাসনালী → স্বরযন্ত্র → ব্রংকাস
D. ব্রংকাস → স্বরযন্ত্র → ফুসফুস → ভেস্টিবিউল → শ্বাসনালী
E. স্বরযন্ত্র → ফুসফুস → ভেস্টিবিউল → ব্রংকাস → শ্বাসনালী

ব্যাখ্যা : মানুষের শ্বসনপথের ক্ষেত্রে প্রযোজ্য-
ভেস্টিবিউল → স্বরযন্ত্র → শ্বাসনালী → ব্রংকাস → ফুসফুস ব্রংকাস

Ans : A.

৯. বৃক্কের গঠনের ক্ষেত্রে কোন্টি সত্য?
A. বৃক্ক নিরেট, গোলাকার এবং দৈর্ঘ্যে ১০-১২ সেন্টিমিটার
B. বৃক্ক ফাঁপা, চাপা এবং দৈর্ঘ্যে ১২-১৫ সেন্টিমিটার
C. বৃক্ক নিরেট, চাপা এবং দৈর্ঘ্যে ১২-১৫ সেন্টিমিটার
D. বৃক্ক নিরেট, চাপা এবং দৈর্ঘ্যে ১০-১২ সেন্টিমিটার
E. বৃক্ক ফাঁপা, চাপা এবং দৈর্ঘ্যে ১০-১২ সেন্টিমিটার

ব্যাখ্যা : বৃক্কের গঠন-
- বৃক্ক নিরেট, চাপা দেখতে অনেকটা শিম বীজের মতো এবং লালচে রং এর।
- বৃক্কে দৈর্ঘ্য ১০-১২ সে.মি, প্রস্থ ৫-৬ সে. মি, স্থূলত্ব ৩ সে.মি
- ওজন পুরুষ : ১৫০-১৭০ গ্রাম
  স্ত্রী : ১৩০-১৫০ গ্রাম
- বৃক্ক ক্যাপসুল নামক তন্তুময় যোজক কলার সুদৃঢ় আবরণে বেষ্টিত।

Ans : D.

১০. নিম্নের কোন্ হরমোনটি পিটুইটারি গ্রন্থি (Pituitary gland) থেকে উৎপন্ন হয় না?
A. STH B. MSH C. FSP D. TSH E. PTH

ব্যাখ্যা :

গ্রন্থি	হরমোন	
পিটুইটারি (Master gland) (প্রভু গ্রন্থি)	অগ্রভাগ	STH, TSH, ACTH, GTH, LH
	মধ্যভাগ	MSH
	পশ্চাৎভাগ	ADH, Oxytocin
থাইরয়েড (অবস্থান-কণ্ঠদেশ)	থাইরক্সিন (Thyroxin)/ (T_3), Tri-iodothyronin (Th), Calcitonin	
প্যারাথাইরয়েড	Parathormone	
থাইমাস	Thymocin	
আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স [অবস্থান-অগ্ন্যাশয়]	α Cell	Glucagon.
	β Cell	Insulin.
	γ Cell	Somatostatin.
	pp cell	Pancreatic polypeptide.
অ্যাড্রেনাল	cortex	Glucocorticoid Minerelocorticoid. Sex corticoid.
	Medulla	Adrenalin nor adrenalin.
পিনিয়াল (মস্তিষ্কের ৩য় প্রকোষ্ঠে)	Melatonin	
শুক্রাশয় [স্ট্রোটাম নামক থলির মধ্যে]	Testosteron Androgen.	
ডিম্বাশয় [শ্রোণীগহ্বরের পৃষ্ঠপ্রাচীরের গায়ে জরায়ুর দুপাশে]	Estrogen, progesteron, Relaxin	

Ans : E.

১১. কমপ্লিমেন্ট সিস্টেম বা কমপ্লিমেন্ট (Complement) কত ধরনের প্লাজমা প্রোটিন নিয়ে গঠিত?
A. ১৯ B. ২০ C. ২১ D. ২২ E. ২৩

ব্যাখ্যা : কমপ্লিমেন্ট সিস্টেম বা কমপ্লিমেন্টে ২০ ধরনের প্লাজমা প্রোটিন থাকে।

Ans : B.

১২. ইম্যুনোগ্লোবুলিন এর বিভিন্ন শ্রেণীর মধ্যে মানবদেহে নিম্নের কোন্টি সবচেয়ে বেশী পরিমাণে বিদ্যমান?
A. IgA B. IgD C. IgE D. IgG E. IgM

ব্যাখ্যা : ইম্যুনোগ্লোবুলিন ৫ রকম- IgG, IgA, IgM, IgD, IgE
কিন্তু মানবদেহে 65% ইম্যুনোগ্লোবুলিন হল IgG

Ans : D.

১৩. কোন্টি লোহিত কণিকার কাজ?

A. রক্ত জমাট বাঁধতে বাঁধা দেয়া B. জীবাণু ধ্বংস করা
C. এনজাইম বহন করা D. এন্টিবডি তৈরি করা
E. O_2 বহন করা

ব্যাখ্যা : লোহিত রক্তকণিকার কাজ-
কণিকার ভেতরের হিমোগ্লোবিন শরীরের সব জায়গায় O_2 বহন করে। হিমোগ্লোবিন বাফার হিসেবে কাজ করে রক্তের সাধারণ ক্রিয়া বজায় রাখে।
Ans : E.

১৪. নিচের কোনটি ঝিল্লিবদ্ধ কোষীয় অঙ্গানু নয়?
A. সেন্ট্রিওল B. মাইটোকন্ড্রিয়ন C. ভেসিকল
D. গলজিবডি E. এন্ডোপ্লাজমিক রেটিকুলাম

ব্যাখ্যা : কোষীয় অঙ্গানু

ঝিল্লিবদ্ধ অংগানু	ঝিল্লিবিহীন অংগানু
মাইটোকন্ড্রিয়া	রাইবোসোম
এন্ডোপ্লাজমিক রেটিকুলাম	প্রোটিয়োসোম
গলগি বডি	সেন্ট্রিওল
লাইসোসোম	মাইক্রোফিলামেন্ট
ভ্যাকুওল	ইন্টারমিডিয়েট ফিলামেন্ট
পারঅক্সিসোম	মাইক্রোটিউবিউলাস
ভেসিকল	

Ans : A.

১৫. প্রচুর কুসুম থাকে যে ডিম্বাণুতে-
A. অ্যালেসিথাল ডিম্বাণু B. মাইক্রোলেসিথাল ডিম্বাণু
C. মেসোলেসিথাল ডিম্বাণু D. মেগালেসিথাল ডিম্বাণু
E. টেলোলেসিথাল ডিম্বাণু

ব্যাখ্যা : • টেলোলেসিথাল ডিম্বানুতে প্রচুর কুসুম থাকে।
ডিম্বাণুর প্রকারভেদ-
(ক) কুসুমের পরিমাণের ভিত্তিতে ডিম্বাণুর প্রকারভেদ :
i) অ্যালেসিথাল : এ ধরণের ডিম্বাণুতে কুসুমের পরিমাণ প্রায় নেই বললেই চলে।
উদাহরণ : মানুষ ও অন্যান্য ইউথেরিয় স্তন্যপায়ী প্রাণীর ডিম্বাণু।
ii) মাইক্রোলেসিথাল : এসব ডিম্বাণুতে অতি অল্প পরিমাণ কুসুম ও অন্যান্য সঞ্চিত খাদ্যদ্রব্য থাকে।
উদাহরণ : একাইনোডার্ম, ইউরোকর্ডেট ও সেফালোকর্ডেট।
iii) মেসোলেসিথাল : এ ধরণের ডিম্বাণু মাঝারি ধরণের কুসুম বহন করে।
উদাহরণ : উভচরের ডিম্বাণু।
iv) মেগালেসিথাল/ম্যাক্রোলেসিথাল/ পলিলেসিথাল : এ জাতীয় ডিম্বাণুতে প্রচুর পরিমাণ কুসুম থাকে।
উদাহরণ : মাছ, সরিসৃপ, পাখি ও Monotremata-ভুক্ত স্তন্যপায়ীর ডিম্বাণু।
Ans : D.

১৬. মনোহাইব্রিড ক্রসের F_2 জনুর জেনোটাইপিক অনুপাত হল....... ।
A. ৩ : ১ B. ১ : ২ : ১ C. ৯ : ৩ : ৩ : ১
D. ১ : ১ E. ৯ : ৭

ব্যাখ্যা : মেন্ডেলের ১ম সূত্রের অনুপাত - ৩:১
- মেন্ডেলের ২য় সূত্রের অনুপাত- ৯:৩:৩:১
- মনোহাইব্রিড ক্রসে উৎপন্ন দ্বিতীয় জনুর উদ্ভিদের ফিনোটাইপিক অনুপাত - ৩:১ এবং জিনোটাইপিক অনুপাত - ১:২:১
- ডাইহাইব্রিড ক্রসে উৎপন্ন দ্বিতীয় জনুর উদ্ভিদের ফিনোটাইপিক অনুপাত - ৯:৩:৩:১
- টেস্ট ক্রসের অনুপাত - ১:১
- ঘাতক জিনের অনুপাত - ২:৭
- অসম্পূর্ণ প্রকটতার অনুপাত - ১:২:১
- এপিস্টেসিস এর অনুপাত - ৯:১
- সম্পূরক জিন- এর অনুপাত ১২:৩:১ এবং ১৩:৩
- প্রকট এপিস্টাসিসের ব্যতিক্রম ধর্মী অনুপাত- ১৩:৩

Ans : B.

১৭. আইলেটস্ অব ল্যাঙ্গারহ্যানস্ এর কাজ.......... ।
A. পিত্তক্ষরণ B. এনজাইম নিঃসরণ C. হরমোন নিঃসরণ
D. অগ্ন্যাশয় রস নিঃসরণ E. পাচক রস নিঃসরণ

ব্যাখ্যা : • আইলেটস অব ল্যাঙ্গারহ্যানস্ এর কাজ হরমোন নিঃসরণ করা
• আইলেটস অব ল্যাঙ্গারহ্যান্স চার ধরণের কোষে গঠিত। (i) আলফা কোষ থেকে **গ্লুকাগন**, (ii) বিটা কোষ থেকে **ইনসুলিন**, (iii) ডেল্টা কোষ থেকে **সোমাটোস্ট্যাটিন** হরমোন নিঃসৃত হয় এবং (iv) PP কোষ থেকে **প্যানক্রিয়েটিক পলিপেপটাইড** ক্ষরিত হয়।
Ans : C.

১৮. 'শন' (Schwann) কোষ পাওয়া যায়.......... ।
A. স্নায়ুকলায় B. তরল যোজক কলায় C. অস্থিকলায়
D. আবরণী কলায় E. পেশী কলায়

ব্যাখ্যা : Schwann কোষ পাওয়া যায় স্নায়ুকলায়। এটি নিউরিলেমা নির্মিত, যা অ্যাক্সনকে আবৃত করে রাখে।
Ans : A.

১৯. মাশরুম গ্রন্থি থাকে তেলাপোকার........... ।
A. পরিপাক তন্ত্রে B. শ্বসন তন্ত্রে C. রেচন তন্ত্রে
D. পুংজনন তন্ত্রে E. স্ত্রীজনন তন্ত্রে

ব্যাখ্যা : তেলাপোকার পুরুষ প্রজনন তন্ত্রের অংশ-
• শুক্রাশয় • শুক্রনালী • শুক্রাধার • ক্ষেপন নালী
• জনন থলি • জনন ছিদ্র • গোনাপোফাইসিস • কংগ্লোবেট গ্রন্থি
• মাশরুম গ্রন্থি বা ইউট্রিকুলার
Ans : D.

২০. Hydra- এর কোন্ ধরনের নিমাটোসিস্টে হিপনোটক্সিন থাকে?
A. ভলভেন্ট B. স্ট্রেপটোলিন গ্লুটিন্যান্ট
C. স্টেরিওলিন গ্লুটিন্যান্ট D. স্টেনোটিল E. সবগুলিতে

ব্যাখ্যা : নেমাটোসিস্ট এর প্রকারভেদ-
(i) স্টিনোটিল/পেনিট্র্যান্ট : বৃহত্তম, সূত্রক লম্বা, ফাঁপা, শীর্ষ উন্মুক্ত, বাট প্রশস্ত। হিপনোটক্সিন নামক বিষাক্ত রস ধারণ করে।
(ii) ভলভেন্ট : ছোট, সূত্রক খাটো, কাটাবিহীন।
(iii) স্ট্রেপটোলিন গ্লুটিন্যান্ট : সূত্রক লম্বা, কাটাযুক্ত।
(iv) স্টেরিওলিন গ্লুটিন্যান্ট : সূত্রক লম্বা, অস্পষ্ট কাটা যুক্ত।
Ans : D.

২১. গ্লেনয়েড গহ্বর থাকে......... ।
A. হিউমেরাসে B. স্ক্যাপুলায় C. ফিমারে
D. শ্রোণীচক্রে E. স্টার্নামে

ব্যাখ্যা : স্ক্যাপুলা নিয়ে কিছু কথা-
• স্ক্যাপুলা দেখতে চাপা ও ত্রিকোণাকার অস্থি
• সম্মুখে কোস্টাল তল ও পশ্চাৎ তলে কোরাকয়েড ও অ্যাক্রোমিয়াল প্রসেস থাকে।
• পশ্চাৎ তলে গ্লেনয়েড গহ্বর নামে একটি সংযোগী অবতল আছে।
Ans : B.

২২. ক্রেবস চক্রে উৎপন্ন প্রথম যৌগ হল.......... ।
A. ফসফোগ্লিসারিক এসিড B. অক্সালো অ্যাসিটিক এসিড
C. পাইরুভিক এসিড D. সাইট্রিক এসিড
E. ম্যালিক এসিড

ব্যাখ্যা :

চক্র	প্রথম যৌগ
ক্রেবস চক্র	সাইট্রিক এসিড
ক্যালভিন চক্র	৩-ফসফোগ্লিসারিক এসিড
হ্যাচ/স্ল্যাক চক্র	অক্সালো এসিটিক এসিড

Ans : D.

২৩. নিচের কোনটি ওরিয়েন্টাল অঞ্চলের এনডেমিক প্রাণী?

A. ক্যাঙ্গারু B. ঘড়িয়াল C. টুয়াটারা
D. মোল র‍্যাট E. হংসচঞ্চু প্লাটিপাস

ব্যাখ্যা : ওরিয়েন্টাল অঞ্চলের এনডেমিক প্রাণী-

এন্ডেমিক মাছ	সবুজ রুই, তারা বাইন, তিলা শোল, নাপতি কই, পাবদা, আইর
এন্ডেমিক উভচর	দাগাংকিত ব্যাঙ, গারো পাহাড়ি ব্যাঙ, জলপাই রাঙ্গা ব্যাঙ
এন্ডেমিক সরিসৃপ	ঘড়িয়াল, কাছিম, বড় কাইট্টা, ডিমখেকো সাপ
এন্ডেমিক পাখি	হাড়গিলা, জলার তিতির, বর্মী ময়ূর, শ্বেত কোকাতু, টিয়া
এন্ডেমিক স্তন্যপায়ী	সিংহলেজী বানর, লাঙ্গুর, ভাল্লুক, দ্বিশৃঙ্গী গন্ডার

Ans : B.

২৪. নিচের কোন্ এনজাইমটি রিকম্বিন্যান্ট DNA টেকনোলজিতে DNA অণু কাটার জন্য ব্যবহৃত হয়?
A. লাইগেজ B. ফসফাটেজ C. রাইবোনিউক্লিয়েজ
D. রেসট্রিকশান এনজাইম E. ডিহাইড্রোজিনেজ

ব্যাখ্যা :

এনজাইম	ব্যবহার
DNA – Ligase	কাঙ্খিত DNA খন্ডকে জোড়া লাগাতে
DNA – Polymerase	DNA অণুলিপনের জন্য
RNA – Polymerase	RNA সংশ্লেষণে
Restriction enzyme	DNA কর্তনে

Ans : D.

২৫. মানুষের মস্তিষ্কের কোন্ অংশটি শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রনের সাথে সম্পর্কিত?
A. সেরিবেলাম B. সেরিব্রাম C. মেডুলা অবলাংগাটা
D. হাইপোথ্যালামাস E. অপটিক লোব

ব্যাখ্যা : হাইপোথ্যালামাস এর কাজ-
- স্বয়ংক্রিয় স্নায়ুকেন্দ্রের কেন্দ্র হিসেবে কাজ করে
- শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণ করে
- নিউরো হরমোন উৎপন্ন করে ট্রপিক হরমোনের ক্ষরণ নিয়ন্ত্রণ করে।

Ans : D.

রসায়ন

১. নিচের কোন্ গ্লাস সামগ্রীটি 50 মি.লি. 0.1 N NaOH প্রস্তুতির জন্য যথার্থ?
A. একটি 50 মি.লি. পরিমাপক বিকার
B. একটি 50 মি.লি. পরিমাপক কনিকেল ফ্লাস্ক
C. একটি 50 মি.লি. পরিমাপক গ্লাস সিলিন্ডার
D. একটি 50 মি.লি. পরিমাপক আয়তনিক ফ্লাস্ক
E. এদের যে কোনটি

Ans : D.

২. কাছাকাছি স্ফুটনাংকের দুই বা ততোধিক তরলের মিশ্রণ পৃথকীকরণের জন্য নিম্নোক্ত কোন্ পদ্ধতি ব্যবহার করা হয়?
A. পাতন B. বাষ্পীয়পাতন C. উর্দ্ধপাতন D. কেলাসন E. আংশিক পাতন

ব্যাখ্যা : কাছাকাছি স্ফুটনাঙ্কের দুই বা ততোধিক তরলের মিশ্রণ পৃথকীকরণের জন্য আংশিক পাতন ব্যবহার করা হয়। এক্ষেত্রে উপাদান গুলোর স্ফুটনাঙ্কের পার্থক্য 40°C এর কম হয়।
যেমন : মিথানল (64°C), বেনজিন (80.4°C) এবং টলুইন (111°C) এর মিশ্রণ পৃথকীকরণ।
ব্যবহার : (i) পেট্রোলিয়ামের বিশোধন
(ii) আলকাতরা হতে বিভিন্ন উপাদান পৃথকীকরণ।
(iii) লঘু তেল হতে বেনজিন উৎপাদন
(iv) শ্বেতসার বা শর্করা হতে গাঁজন প্রক্রিয়ায় প্রাপ্ত তরল হতে রেকটিফাইড স্পিরিট উৎপাদন।

Ans : E.

৩. যে কোন ক্রোমেটোগ্রামে কোন যৌগের R_f এর মান নিচের কোন্‌টির বেশী হতে পারে না?
A. 2 B. 0.5 C. 1 D. 0.1 E. 5

ব্যাখ্যা : $R_f = \frac{\text{উপাদান কর্তৃক অতিক্রান্ত দূরত্ব}}{\text{দ্রাবক কর্তৃক অতিক্রান্ত দূরত্ব}}$
বৈশিষ্ট্য : (i) এর কোন একক নেই।
(ii) R_f এর মান হতে উপাদান শনাক্ত করা যায়।
(iii) R_f এর মান সব সময় 1 হতে কম হবে।
(iv) দ্রাবকের প্রকৃতির উপর R_f এর মান নির্ভরশীল।

Ans : C.

৪. নিচের কোন্‌টি হাইড্রোজেন বন্ধন তৈরিতে সক্ষম?
A. H_2S B. C_2H_5OH C. N_2O D. C_2H_6 E. HCl

ব্যাখ্যা : হাইড্রোজেন পরমাণু ও নিঃসঙ্গ e^- যুগল যুক্ত অধিক তড়িৎ ঋণাত্মক ছোট আকারের পরমাণুর মধ্যেকার বন্ধন (O–H, H–F) পোলার হয়। পোলার পরমাণু সমূহের ধনাত্মক ও ঋণাত্মক প্রান্তে নতুনভাবে এক ধরনের আকর্ষণ বল সৃষ্টি হয়, একে হাইড্রোজেন বন্ধন বলে।
যেমন : HF, H_2O, অ্যালকোহল এদের মধ্যে H- বন্ধন থাকে।

Ans : B.

৫. $[NH_4]^+$ আয়নে মোট কয়টি নিউট্রন থাকে? [দেওয়া আছে N এর পারমানবিক সংখ্যা 7 এবং ভর সংখ্যা 14, H এর উভয় সংখ্যাই 1]
A. 7 B. 11 C. 12 D. 14 E. 8

ব্যাখ্যা : NH_4^+ এ নিউট্রন সংখ্যা 7
কারণ H এর পারমাণবিক সংখ্যা ও ভর সংখ্যা একই হওয়ায়, এতে নিউট্রন সংখ্যা 0, তাহলে শুধুমাত্র N এর নিউট্রন সংখ্যা = 14 – 7 = 7

Ans : A.

৬. কোন পরমাণুর ৩য় শক্তি স্তরে ইলেক্ট্রন থাকিতে পারে-
A. 8 টি B. 12 টি C. 18 টি D. 14 টি E. 32 টি

ব্যাখ্যা : ইলেকট্রনের সর্বোচ্চ ধারণ ক্ষমতা $2n^2$ সূত্র মেনে চলে
তাই n = 3 হলে, e^- থাকতে পারে $= 2 \times 3^2 = 18$ টি

Ans : C.

৭. পর্যায় সারণীতে As এর অবস্থান-
A. গ্রুপ VA, পর্যায় 3 B. গ্রুপ VB, পর্যায় 3
C. গ্রুপ VA, পর্যায় 4 D. গ্রুপ VI, পর্যায় 3
E. গ্রুপ VI, পর্যায় 4

ব্যাখ্যা : $_{33}As = [Ar]3d^{10}\,4s^24p^3$
যেহেতু সর্বোচ্চ কোয়ান্টাম সংখ্যা 4, সেহেতু মৌলটি ৪র্থ পর্যায়ের। $4s^24p^3$ ইলেকট্রন বিন্যাসের কারণে গ্রুপ VA তে।

Ans : C.

৮. PCl_5 এর P- তে কোন্ ধরনের অরবিটাল সংকরায়ন ঘটে?
A. sp^3 B. dsp^2 C. sp^3d D. sp^3d^2 E. sp

ব্যাখ্যা : বিভিন্ন ধরনের সংকরণ, আকৃতি ও বন্ধনকোণ :

সংকরণ	অণুর আকৃতির নাম	বন্ধন কোণ	উদাহরণ
sp	সরলরৈখিক	180°	$BeCl_2$, C_2H_2, CO_2, XeF_2
sp^2	ত্রিভুজাকার	120°	BF_3, BCl_3, C_2H_4
sp^3	চতুস্তলকীয়	109°28' বা 109.5°	CH_4, CCl_4, BH_4^-, NH^{4+}
dsp^2	সমতলীয় বর্গাকার	90°	$[Cu(NH_3)_4]^{2+}$, XeF_4
dsp^3	ত্রিভুজাকার দ্বি-পিরামিডীয়	120°, 90°	PF_5, $Fe(CO)_5$, PCl_5
d^2sp^3	অষ্টতলকীয় বা বর্গাকার দ্বি-পিরামিডীয়	90°	SF_6, SeF_6, $Cr(CO)_6$, XeF_6
d^3sp^3	পঞ্চভুজাকার দ্বি-পিরামিডীয়	72°, 90°	IF_7, ReF_7

Ans : C.

৯. চাপ বাড়ালে নিচের কোন্ বিক্রিয়াটি পশ্চাৎদিকে যাবে?
A. $N_2O_4(g) \Leftrightarrow 2NO_2$ B. $N_2(g) + 3H_2 \Leftrightarrow 2NH_3(g)$

C. $2SO_2(g) + O_2 \Leftrightarrow 2SO_3(g)$ D. $2HI(g) \Leftrightarrow H_2(g) + I_2(g)$
E. All of them

ব্যাখ্যা : চাপ বাড়ালে আয়তন কমে যায় অর্থাৎ গ্যাসীয় অণুর মোল সংখ্যার পরিবর্তন হবে।

$$N_2O_{4(g)} \Leftrightarrow 2NO_{2(g)}$$

এখানে, 1 mol N_2O_4 বিয়োজিত হয়ে 2 mol NO_2 উৎপাদন করছে। তাই এ বিক্রিয়ায় সাম্যাবস্থায় চাপ বাড়ালে যে পাশে মোল সংখ্যা কম বিক্রিয়ার অবস্থান সে পাশে সরে যাবে। এক্ষেত্রে বিক্রিয়াটি পশ্চাৎ দিকে সরে আসবে।

Ans : A.

১০. –CO–O–CO– কার্যকরী মূলকটির নাম কি?

A. এমাইড B. এস্টার C. এনহাইড্রাইড D. কার্বক্সিল E. 2° এলকোহল

ব্যাখ্যাঃ

সমগোত্রীয় যৌগ শ্রেণীর নাম	কার্যকরী মূলকের সংকেত	কার্যকরী মূলকের গাঠনিক সংকেত	কার্যকরী মূলকের নাম
১। অ্যালকিন	–C=C–	–C=C–	কার্বন-কার্বন দ্বিবন্ধন।
২। অ্যালকাইন	–C≡C–	–C≡C–	কার্বন-কার্বন ত্রিবন্ধন।
৩। অ্যালকাইল হ্যালাইড	– X	–F, –Cl, –Br, –I	হ্যালাইড মূলক। (ফ্লোরাইড, ক্লোরাইড, ব্রোমাইড, আয়োডাইড।)
৪। অ্যালকোহল	– OH	– O – H	হাইড্রক্সিল মূলক বা অ্যালকোহলিক মূলক
* প্রাইমারি বা 1°অ্যালকোহল	– CH_2OH	H–C(–H)–O–H	1° অ্যালকোহলিক মূলক।
* সেকেন্ডারি বা 2° অ্যালকোহল	–CHOH	H–C–O–H	2° অ্যালকোহলিক মূলক।
টারসিয়ারি বা 3° অ্যালকোহল	–C–OH	–C–O–H	3° অ্যালকোহলিক মূলক।
৫। অ্যালডিহাইড	– CHO	–C(=O)–H	অ্যালডিহাইড মূলক।
৬। কিটোন	–CO–	–C(=O)–	কার্বনাইল মূলক বা কিটোনিক মূলক।
৭। কার্বক্সিলিক এসিড	– COOH	–C(=O)–O–H	কার্বক্সিল মূলক।
৮। ইথার	–C–O–C–	–C–O–C–	ইথার মূলক
৯। অ্যালকাইল অ্যামিন	– NH_2	–N(–H)–H	অ্যামিনো মূলক।
১০। এসিড অ্যামাইড	– $CONH_2$	–C(=O)–N(H)–H	অ্যামাইডো মূলক।
১১। এসিড ক্লোরাইড	– COCl	–C(=O)–Cl	এসিড ক্লোরাইড মূলক।
১২। এস্টার	– CO– OR	–C(=O)–O–R	এস্টার মূলক
১৩। এসিড অ্যানহাইড্রাইড	$(–CO)_2$ O	–C(=O)–O–C(=O)–	অ্যান্হাইড্রাইড মূলক।
১৪। অ্যালকাইল সায়ানাইড বা অ্যালকেন নাইট্রাইল	– CN	–C≡N	সায়ানাইড মূলক বা নাইট্রাইল মূলক।
১৫। নাইট্রো যৌগ	– NO_2	–N(=O)→O	নাইট্রো মূলক।
১৬। সালফোনিক এসিড	– SO_3H	–S(=O)(=O)–OH	সালফোনিক এসিড মূলক।

Ans : C.

১১. এরোমেটিক যৌগে (4n + 2) সংখ্যক π ইলেক্ট্রন থাকে যা নিচের কার নীতি হিসেবে পরিচিত?

A. Markovnikov's rule B. Huckel's rule
C. Luca's rule D. Tolen's rule
E. Saytzeff's rule

ব্যাখ্যা : হাকেল নীতি : এই নীতির মাধ্যমে কোনটি অ্যারোমেটিক যৌগ তা জানা যায়। এতে (4n + 2) সংখ্যক সঞ্চারনশীল π ইলেকট্রন থাকে। [এখানে n পূর্ণসংখ্যা] এ নীতি অনুসারে সাইক্লোপ্রপিন আয়ন, বেনজিন, ফিউরাল, ন্যাপথালিন অ্যারোমেটিক যৌগ।

Ans : B.

১২. 1°, 2° ও 3° এমাইন সনাক্তকরণে নিচের কোন বিক্রিয়কটি ব্যবহৃত হয়?

A. HNO_2 B. KOH C. NO_2 D. KNO_3 E. HNO_3

ব্যাখ্যা : 1°, 2°, 3° অ্যামিন সনাক্তকরণে HNO_2 ব্যবহৃত হয় যা $NaNO_2$ ও HCl মিশ্রণে তৈরি হয়।

Ans : A.

১৩. নিচের কোনটিতে নাইট্রোগ্লিসারিন ব্যবহৃত হয় না?

A. বিস্ফোরক তৈরীর কাঁচামাল হিসাবে
B. ব্যথা ও জ্বর কমাতে
C. হৃদরোগের চিকিৎসায়
D. প্রোস্টেট ক্যান্সার চিকিৎসায়
E. রক্তনালীতে ব্লক আছে এমন রোগীর চিকিৎসায়

ব্যাখ্যা : নাইট্রোগ্লিসারিন এর রাসায়নিক নাম গ্লিসারাইল ট্রাইনাইট্রেট।

$CH_2–ONO_2$
|
$CH_2–ONO_2$
|
$CH_2–ONO_2$

নাইট্রো গ্লিসারিন

এটি তৈল জাতীয় পদার্থ এবং ডিনামাইট তৈরিতে ব্যবহৃত হয়।

ব্যবহার :
(i) Blaoting Agent ও Cordite তৈরিতে গান কটনের সাথে এটি মিশানো হয়।
(ii) হৃদরোগের ঔষুধ হিসাবে।
(iii) রক্তনালীতে ব্লক আছে এমন রোগীর চিকিৎসায়।
(iv) হাঁপানী রোগীর ঔষুধ হিসাবে।
(v) প্রোস্টেট ক্যান্সার নিরাময়ে।

Ans : B.

১৪. 0.25 M HCl এর 30 ml দ্রবণে HCl এর মোল সংখ্যা কত?

A. 0.0065 B. 0.0085 C. 0.0075 D. 0.0095 E. 0.0055

ব্যাখ্যা : $S = \frac{n}{V} \Rightarrow n = S \times V = 0.25 \times \frac{30}{1000} = 0.0075$

Ans : C.

১৫. নিচের কোনটি সর্বাধিক সুস্থির (stable)?

A. $CH_3\overset{+}{C}H_2$ B. $(CH_3)_2\overset{+}{C}H$ C. $CH_3CH_2\overset{+}{C}H_2$

D. $(CH_3)_3\overset{+}{C}$ E. $(CH_3)_3C\overset{+}{C}H_2$

ব্যাখ্যা : কার্বোনিয়াম আয়নের স্থায়িত্বের ক্রম :

$$\overset{+}{C}R_3 > \overset{+}{C}HR_2 > \overset{+}{C}H_2R > \overset{+}{C}H_3$$

কার্বানায়নের স্থায়িত্বের ক্রম :

$$:\overline{C}H_3 > :\overline{C}H_2R > :\overline{C}HR_2 > :\overline{C}R_3$$

Ans : D.

১৬. নিচের কোন্‌টি NH_3 উৎপাদনে প্রভাবক সহায়ক হিসেবে কাজ করে?

A. Pt B. Fe C. Mo
D. Ni E. Zn

ব্যাখ্যা : হেবার পদ্ধতিতে NH_3 উৎপাদনকালে লৌহচূর্ণ প্রভাবকের সাথে সামান্য পরিমাণে Mo ধাতুর গুড়া মিশানো হয় যা লৌহের প্রভাবন ক্ষমতা বৃদ্ধি করে, তাই Mo প্রভাবক সহায়ক।

Ans : C.

১৭. HBr নিচের কোন্‌টির সাথে Anti-Markovnikov addition reaction (সংযোজন বিক্রিয়া) প্রদান করে না?

A. Propene B. 1-butene C. 2-butene
D. 2-pentene E. 2-hexene

ব্যাখ্যা : **Anti-Markovnikov addition reaction :** অপ্রতিসম অ্যালকিনে দ্বিবন্ধযুক্ত যে কার্বনে বেশি H- পরমাণু থাকে, সেটিতে বিকারকের ঋণাত্মক অংশ যুক্ত হয়এ অপ্রতিসম বলতে বুঝায় দ্বি-বন্ধনযুক্ত দুটি কার্বনে অসম সংখ্যক H পরমানুর অবস্থানকে। এক্ষেত্রে, 2- বিউটিন অপ্রতিসম নয়।

$$H_3\overset{4}{C}-H\overset{3}{C}=\overset{2}{C}H-\overset{1}{C}H_3$$

2- বিউটিন

Ans : C.

১৮. পলিমার হল-

A. Micromolecule B. Macromolecule
C. Sub-micromolecule D. Sub-macromolecule
E. Nanomolecule

ব্যাখ্যা : পলিমার হল খুবই বড় অণু বা ম্যাক্রো অণু (Macro molecule) এর ছোট একক হল মনোমার।

Ans : B.

১৯. এনজাইম হল-

A. ফ্যাটি এসিড B. ভিটামিন C. প্রোটিন
D. কার্বোহাইড্রেট E. হাইড্রোকার্বন

ব্যাখ্যা : এনজাইম হচ্ছে জীবন্ত উদ্ভিদকোষ ও প্রাণিদেহ থেকে উৎপন্ন উচ্চ আণবিক ভরবিশিষ্ট বর্তুলাকার টারসিয়ারী প্রোটিন। যেমন- জাইমেস এনজাইম গ্লুকোজকে বিযোজিত করে অ্যালকোহল ও CO_2 গ্যাসে পরিণত করে।

এনজাইমের বৈশিষ্ট্য :
(i) প্রভাবন ক্রিয়া সুনির্দিষ্ট
(ii) অত্যাধিক কার্যকর
(iii) কার্যকর তাপমাত্রা 37°C এবং pH 7 এর কাছাকাছি।

Ans : C.

২০. নিচের কোন্‌টি গ্রীন্‌ হাউস গ্যাস নয়?

A. CH_4 B. N_2O C. H_2O
D. CFC E. Cl_2

ব্যাখ্যা : গ্রীন হাউজ গ্যাস সমূহের তথ্যাবলী :

গ্রীন হাউজ গ্যাস	বায়ুতে % পরিমান	তুলনামূলক গ্রীন হাউজ প্রভাব
CO_2	49%	1 গুণ
CH_4	18%	23 গুণ
O_3	8%	10 গুণ
N_2O	6%	270 গুণ
CFC	14%	10,000 গুণ
জলীয় বাষ্প	-	5 গুণ কম

Ans : E.

২১. নিচের কোন্‌টি সর্বাধিক অম্লীয়?

A. CH_3OH B. C_2H_5OH C. H_2O
D. $CH_3(CH_2)_2OH$ E. $CH_3(CH_2)_3OH$

ব্যাখ্যা : অ্যালকোহলের অম্ল ধর্মীতার ক্রম হল :
1° অ্যালকোহল > 2° অ্যালকোহল > 3° অ্যালকোহল
কিন্তু পানি অপেক্ষা অ্যালকোহল কম অম্লধর্মী। অ্যালকোহলের আয়নীকরণ ধ্রুবক $K_a = 10^{-16}\ molL^{-1}$, যা পানির আয়নীকরণ ধ্রুবক $K_a = 10^{-14}$ থেকে কিছু কম।

Ans : C.

২২. Hyperglycemic বলতে বুঝায়........

A. High blood sugar level
B. Low blood sugar level
C. High concentration of salts in blood
D. Low concentration of salts in blood
E. High amount of cholesterol in blood

ব্যাখ্যা : Hyperglycemic বলতে বুঝায় High blood sugar level। এর কারণে ডায়াবেটিস হয়।

Ans : A.

২৩. নিচের কোন্‌ জৈব যৌগটি আয়োডোফরম পরীক্ষা দেয় না?

A. CH_3COCl B. CH_3CH_2OH C. CH_3COCH_3
D. $CH_3CHOHCH_3$ E. $CH_3CH_2CH_2OH$

ব্যাখ্যা : • হ্যালোফরম বা আয়োডোফরম বিক্রিয়াটি হল CH_3-CO- মূলক বিশিষ্ট কার্বনাইল যৌগের সুনির্দিষ্ট পরীক্ষা। এছাড়াও যেসব যৌগ হ্যালোজেন দ্বারা জারনের পর CH_3-CO মূলক যুক্ত হয় যেমন- ইথানল, অ্যালকানল-2 $[CH_3CH(OH)-R]$ ইত্যাদি হ্যালফরম বিক্রিয়া দেয়।
• অ্যাসিটাইল ক্লোরাইড (CH_3COCl) এবং অ্যাসিটামাইড আয়োডোফরম পরীক্ষা দেয় না।

Ans : A + E.

২৪. নিচের কোন্‌টি অনার্দ্র $AlCl_3$ এর উপস্থিতিতে বেনজিনের সাথে বিক্রিয়া করে টলুইন উৎপন্ন করে?

A. CH_3CN B. CH_3COCl C. CH_3CH_2Cl
D. CH_3Cl E. CH_3OH

ব্যাখ্যা : ফ্রিডেল ক্রাফট – অ্যালকাইলেশন:

$$C_6H_6 + CH_3Cl \xrightarrow{\text{অনাদ্র } AlCl_3} C_6H_5 - CH_3 + HCl$$

ফ্রিডেল ক্রাফট – অ্যাসাইলেশন:

$$C_6H_6 + CH_3COCl \xrightarrow{\text{অনাদ্র } AlCl_3} C_6H_5 - CO - CH_3 + HCl$$

Ans : D.

২৫. নিচের কোন্‌টি পেপটাইড বন্ধন?

A. $-CONH_2$ B. $-CONH-$ C. $-CON=$
D. $-CONR-$ E. $-CO-$

ব্যাখ্যা : পেপটাইড বন্ধন : (–CONH–)

Ans : B.

গণিত

১. **x একটি পূর্ণসংখ্যা এবং $A = \{\{x|0 < x \le 10\}, B = \{x|3x + 2 \le 25\}, C = \{x|x^2 > 40\}$ হলে $A \cap B \cap C = ?$**

A. 7 B. $\varnothing$ C. {7} D. 0 E. {5, 7}

ব্যাখ্যা : $A = \{x|0 < x \le 10\} = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\}$
$B = \{x|3x + 2 \le 25\} = \{1, 2, 3, 4, 5, 6, 7\}$
$C = \{x|x^2 > 40\} = \{7, 8, 9, 10, ...\}$
$\therefore A \cap B \cap C = \{1, 2, 3, 4, 5, 6, 7, 8, 9, 10\} \cap \{1, 2, 3, 4, 5, 6, 7\} \cap \{7, 8, 9, 10, ...\} = \{7\}$
Ans : A.

২. **$5x - 6y = 405$ এবং $6x - 5y = 407$ হলে x এবং y এর গড় কত?**

A. 406 B. 5.5 C. 1 D. 812 E. 0.5

ব্যাখ্যা : $5x - 6y = 405$
$6x - 5y = 407$
(–) করে পাই, $-x - y = -2$
$\Rightarrow x + y = 2 \Rightarrow \frac{x+y}{2} = 1$
Ans : C.

৩. **$(x-\sqrt{5})^2 + (y+2\sqrt{2})^2 = 15$ সমীকরণ দ্বারা প্রকাশিত বৃত্তের ব্যাস নির্ণয় কর।**

A. $2\sqrt{10}$ B. 3.87 C. 3.38
D. 7.75 E. 8

ব্যাখ্যা : $(x-\sqrt{5})^2 + (y+2\sqrt{2})^2 = 15$ ---- (i)
$(x-h)^2 + (y-k)^2 = a^2$ ---- (ii)
(i) ও (ii) কে তুলনা করে পাই, $a^2 = 15 \Rightarrow a = \sqrt{15}$
$\therefore$ ব্যাস $= 2\sqrt{15} = 7.75$
Ans : D.

৪. **$64^{12} = 2^{a-3}$ হলে a এর মান নির্ণয় কর।**

A. 15 B. 9 C. 0 D. 64 E. 75

ব্যাখ্যা : $64^{12} = 2^{a-3} \Rightarrow (2^6)^{12} = 2^{a-3} \Rightarrow 2^{72} = 2^{a-3}$
$\Rightarrow 72 = a - 3 \Rightarrow a = 75$
Ans : E.

৫. **সমবাহু ত্রিভুজ ABC এর প্রতিটি বাহুর দৈর্ঘ্য 4 একক হলে $\left|\vec{AB} + \vec{BC} + \vec{CA}\right|$ এর মান কত?**

A. 12 B. 64 C. 0 D. 32 E. –4

ব্যাখ্যা : ত্রিভুজ সূত্রানুসারে, $\overrightarrow{AB} + \overrightarrow{BC} + \overrightarrow{CA} = 0$
$\therefore \left|\overrightarrow{AB} + \overrightarrow{BC} + \overrightarrow{CA}\right| = 0$
Ans : C.

৬. **কোন অংক দুইবার ব্যবহার না করে 0, 2, 3 এবং 5 অংক চারটি দ্বারা 1000 হতে বড় কতগুলি সংখ্যা গঠন করা যায়?**

A. 24 B. 36 C. 9 D. 0 E. 18

ব্যাখ্যা : 1000 এর চেয়ে বড় সংখ্যাগুলো 2 বা 3 বা 5 দ্বারা শুরু হবে।
$\therefore$ অংকগুলো একবার ব্যবহার করে গঠিত সংখ্যা $= 3 \times {}^3P_3 = 18$
Ans : E.

৭. **$\left\{x^2 + \frac{k}{x}\right\}^5$ এর বিস্তৃতিতে x এর সহগ 270 হলে k এর মান নির্ণয় কর।**

A. 27 B. ${}^nC_5$ C. 3
D. ${}^5C_1$ E. 13

ব্যাখ্যা : $\left\{x^2 + \frac{k}{x}\right\}^5$ এর বিস্তৃতির জন্য, $r = \frac{2\times5-1}{2-(-1)} = \frac{9}{3} = 3$
(3 + 1) তম পদের সহগ $= {}^5C_3k^3 = 10k^3$
$\therefore 10k^3 = 270 \Rightarrow k^3 = 27 = 3^3 \therefore k = 3$
Ans : C.

৮. **3, 0.3, 0.03......... অসীম ধারাটির যোগফল নির্ণয় কর।**

A. 13.5 B. $\frac{10}{3}$ C. 1.03
D. $\frac{2}{5}$ E. $\frac{4}{7}$

ব্যাখ্যা : $S = \frac{a}{1-r} = \frac{3}{1-\frac{0.3}{3}} = \frac{3}{0.9} = \frac{30}{9} = \frac{10}{3}$
Ans : B.

৯. **একটি ছক্কা পরপর দুইবার ছুড়লে কমপক্ষে একবার জোড় সংখ্যা পাওয়ার সম্ভাব্যতা কত?**

A. $\frac{1}{36}$ B. $\frac{1}{6}$ C. $\frac{1}{3}$ D. $\frac{3}{4}$ E. 1

ব্যাখ্যা : কমপক্ষে একবার জোড় হওয়ার সম্ভাবনা $= \frac{27}{36} = \frac{3}{4}$
Ans : D.

১০. **$\lim_{x\to0}\left(\frac{\sqrt{a+x^2} - \sqrt{a-x^2}}{x^2}\right) = ?$**

A. $\frac{1}{\sqrt{a}}$ B. 2 C. ∞ D. $\sqrt{a}$ E. $2\sqrt{a}$

ব্যাখ্যা : $\lim_{x\to0}\left(\frac{\sqrt{a+x^2} - \sqrt{a-x^2}}{x^2}\right)$

$$= \lim_{x\to0}\frac{\frac{2x}{2\sqrt{a+x^2}} + \frac{2x}{2\sqrt{a-x^2}}}{2x}$$

$$= \lim_{x\to0}\left(\frac{1}{2\sqrt{a+x^2}} + \frac{1}{2\sqrt{a-x^2}}\right) = \frac{1}{2\sqrt{a}} + \frac{1}{2\sqrt{a}} = \frac{1}{\sqrt{a}}$$

Ans : A.

১১. **$\log_{10}(x-9) + \log_{10}x = 1$ হলে x এর মান কত?**

A. 10, –1 B. –1 C. 10 D. 9 E. 0

ব্যাখ্যা : $\log_{10}(x-9) + \log_{10}x = 1$
$\Rightarrow \log_{10}\{(x-9)x\} = 1$
$\Rightarrow x(x-9) = 10$
$\Rightarrow x^2 - 9x - 10 = 0$
$\Rightarrow (x-10)(x+1) = 0$
$\therefore x = 10\ (x \neq -1)$
Ans : C.

১২. **$\sqrt{3}\hat{i} + 3\hat{j} - 2\hat{k}$ ভেক্টরের উপর $\hat{i} + \hat{j} + \hat{k}$ ভেক্টরের অভিক্ষেপ নির্ণয় কর।**

A. $\sqrt{3}$ B. 4 C. $\frac{\sqrt{3}+1}{4+\sqrt{3}}$ D. $\frac{1}{4}(\sqrt{3}+1)$ E. 90°

ব্যাখ্যা : $\vec{A} = \sqrt{3}\hat{i} + 3\hat{j} - 2\hat{k}$ এবং $\vec{B} = \hat{i} + \hat{j} + \hat{k}$

$\vec{A}$ এর উপর $\vec{B}$ এর অভিক্ষেপ $= \frac{\vec{A}.\vec{B}}{|\vec{A}|}$

$\therefore \frac{(\sqrt{3}\hat{i} + 3\hat{j} - 2\hat{k}).(\hat{i} + \hat{j} + \hat{k})}{\sqrt{(\sqrt{3})^2 + 3^2 + (-2)^2}} = \frac{\sqrt{3}+3-2}{\sqrt{16}} = \frac{\sqrt{3}+1}{4}$
Ans : D.

১৩. **$f: x \to x+3$ এবং $g: x \to x^2 + 3x + 4$ হলে gf(–1) এর মান কত?**

A. 17 B. 44 C. 14
D. 9 E. 3

ব্যাখ্যা : $g(f(x)) = (x+3)^2 + 3(x+3) + 4$
$= x^2 + 9 + 6x + 3x + 9 + 4$
$= x^2 + 9x + 22$
$\therefore gof(-1) = (-1)^2 + 9(-1) + 22 = 1 - 9 + 22 = 14$
Ans : C.

১৪. **F = {মাতা, পিতা, পুত্র, দুহিতা}, G = {পৌত্র, দৌহিত্র} এবং H = {নিঃসন্তান}, তাহলে-**

A. $G \subset F, H = \varnothing$ B. $H \cap F \neq \varnothing$ C. $H \subset G, H \supset G$
D. $F \cap G \cap H = \varnothing$ E. $H = F \setminus G$

Ans : D.

১৫. **$(b^2 - x^2)^2 = 0$ এর মূলগুলো হচ্ছে-**

A. $x = \pm b$ B. $x = b, b$ C. $\pm b, \pm ib$
D. $x = \pm ib, \pm b$ E. $x = \pm b, \pm b$

ব্যাখ্যা : $(b^2 - x^2)^2 = 0 \Rightarrow (b^2 - x^2)(b^2 - x^2) = 0$
$\Rightarrow x = \pm b, \pm b$
Ans : E.

১৬. **$x^2 + y^2 - 4x + 6y - 36 = 0$ এবং $x^2 + y^2 - 5x + 8y - 43 = 0$ এর সাধারণ জ্যা'র সমীকরণ হচ্ছে-**

A. $x - 2y + 11 = 0$ B. $x - 2y = 7$
C. $x - 2y + 7 = 0$ D. $2x - y + 11 = 0$
E. $2x + y + 11 = 0$

ব্যাখ্যা : দুটি বৃত্তের সাধারণ জ্যা এর সমীকরণ : প্রথম বৃত্ত – দ্বিতীয় বৃত্ত = 0
$\therefore x^2 + y^2 - 4x + 6y - 36 - x^2 - y^2 + 5x - 8y + 43 = 0$
$\Rightarrow x - 2y + 7 = 0$
Ans : C.

১৭. **$3y^2 = 5x$ পরাবৃত্তের উপকেন্দ্রিক লম্ব এবং উপকেন্দ্রের স্থানাংক যথাক্রমে-**

A. $\frac{5}{3}, \left(\frac{5}{12}, 0\right)$ B. $\frac{3}{5}, \left(\frac{3}{12}, 0\right)$ C. $\frac{5}{3}, \left(\frac{-5}{12}, 0\right)$
D. $\frac{3}{5}, \left(\frac{5}{12}, 0\right)$ E. $\frac{3}{5}, \left(-\frac{5}{12}, 0\right)$

ব্যাখ্যা : $y^2 = \frac{5}{3}x = 4.\frac{5}{12}x$

উপকেন্দ্রিক লম্ব $= |4a| = 4.\frac{5}{12} = \frac{5}{3}$

উপকেন্দ্রের স্থানাংক, $(a, 0) = \left(\frac{5}{12}, 0\right)$

Ans : A.

১৮. **l এর মান কত হলে $l\hat{i} - 2\hat{j} + \hat{k}$ এবং $2l\hat{i} - l\hat{j} - 4\hat{k}$ পরস্পর লম্ব হবে?**

